

নিজের অধিকার সম্পর্কে অবগত হন স্টেটের অর্থ সাহায্য প্রাপ্ত আবাসনের আবেদনের জন্য নিউ ইয়র্ক স্টেটের ক্রেডিট নীতি

কোনও আবাসন প্রদানকারী/বাড়িওয়াল কেবল আপনার ক্রেডিট স্কোর বা ইতিহাসের ভিত্তিতে নিজে থেকে স্টেটের অর্থ সাহায্য প্রাপ্ত আবাসনের আবেদন প্রত্যাখ্যান করতে পারবে না। যদি আপনার ক্রেডিট স্কোর কম হয় অথবা নেগেটিভ ক্রেডিটের ইতিহাস থাকে, তাহলে উক্ত তথ্যের ব্যাখ্যা প্রদান বা খণ্ডন করার জন্য অতিরিক্ত তথ্য আপনাকে অতি অবশ্যই প্রদান করতে হবে।

নীতিটি কি?

- আপনি আপনার পূর্ববর্তী 12 মাস বা COVID-19 মহামারির পূর্ববর্তী 12 মাস অর্থাৎ (1 মার্চ, 2019 – 1 মার্চ, 2020) পর্যন্ত সময়মতো আপনার সমগ্র ভাড়া মেটানোর প্রমাণ প্রদর্শন করে এই ক্রেডিট পরীক্ষা এড়াতে পারেন।
- আপনার ক্রেডিট স্কোর বা ক্রেডিট ইতিহাসের ভিত্তিতে আপনাকে প্রত্যাখ্যান করা যাবে না যদি:
 - আপনার FICO ক্রেডিট স্কোর 580 বা তার বেশি হয় (অথবা আপনি গৃহহীন হলে 500),
 - আপনার সীমিত ক্রেডিট ইতিহাস থাকে বা ক্রেডিট ইতিহাস না থেকে থাকে,
 - ঘর ভাড়া ভর্তুকি থেকে আপনার সমগ্র ভাড়া আসে,
 - আপনার ক্রেডিট স্কোর বা ক্রেডিট ইতিহাস যদি মহিলাদের বিরুদ্ধে হিংসা আইন (Violence Against Women Act, VAWA)-এর একটি প্রত্যক্ষ ফলাফল হয়ে থাকে যার সাথে অপরাধ জড়িয়ে রয়েছে (যেমন ঘরোয়া হিংসা, পিছু নেওয়া বা হয়রানি), অথবা
 - আপনার দেউলিয়া হওয়ার ইতিহাস আছে বা বাকি ঋণ আছে কিন্তু আপনি পূর্ববর্তী 12 মাস বা COVID-19 মহামারির পূর্ববর্তী 12 মাস অর্থাৎ (1 মার্চ, 2019 – 1 মার্চ, 2020) পর্যন্ত সময়মতো আপনার সমগ্র ভাড়া মেটানোর প্রমাণ প্রদর্শন করেছেন।
- আপনাকে নিম্নলিখিতের ভিত্তিতে প্রত্যাখ্যান করে যাবে না:
 - চিকিৎসা সম্পর্কিত বা শিক্ষা সম্পর্কিত ঋণ।
 - \$5,000 -এর কম বকেয়া ঋণ।
 - 1 বছরের পূর্বে দেউলিয়া হওয়ার ঘটনা।
 - অতীতে উচ্ছেদের ঘটনা বা হাউজিং আদালতের ইতিহাস।
 - সীমিত ভাড়া বা ক্রেডিট ইতিহাস অথবা একেবারেই ভাড়া বা ক্রেডিট ইতিহাস না থাকা।
 - নিউ ইয়র্ক স্টেটে COVID-19 আপতকালীন অবস্থা থাকার দরুন (বিশেষত, 7 মার্চ, 2020 থেকে 23 জুন, 2021 পর্যন্ত) অথবা COVID-19 মহামারির ফলে সৃষ্ট কঠিন আর্থিক পরিস্থিতির দরুন দেউলিয়া হয়ে যাওয়া বা ঋণ নেওয়ার ঘটনা।

আমার অধিকারগুলো কী?

- ক্রেডিট পরীক্ষা করার বদলে হাউজিং প্রদানকারীকে অবশ্যই এই প্রমাণ গ্রহণ করতে হবে যে আপনি আপনার পূর্ববর্তী 12 মাস বা COVID-19 মহামারির পূর্ববর্তী 12 মাস অর্থাৎ (1 মার্চ, 2019 – 1 মার্চ, 2020) পর্যন্ত সময়মতো আপনার সমগ্র ভাড়া প্রদান করে এসেছেন।
- হাউজিং প্রদানকারী কেবলমাত্র ভাড়ার চুক্তির কোনও বড় উল্ঘনের ব্যাপারে খোঁজখবর নিতেই আপনার অনুমতি ব্যতীত আপনার বর্তমান বা পূর্ববর্তী কোনও বাড়িওয়ালার কাছে যেতে পারেন। যদি বর্তমান বা পূর্ববর্তী কোনও বাড়িওয়ালার ভাড়ার চুক্তির কোনও বড় উল্ঘনের প্রমাণ পেশ করেন, তাহলে সেক্ষেত্রে আবেদনকারীকে প্রশমনকারী গুণকের উপস্থিতি সংক্রান্ত অন্তিমের কথা প্রমাণের জন্য যথেষ্ট সুযোগ প্রদান করতে হবে (যেমন, COVID-19 মহামারির দরুন কঠিন আর্থিক পরিস্থিতি সৃষ্টির ফলে)।
- আপনার উপর কেবলমাত্র এইসমস্ত ফি আরোপ করতে পারে:
 - আপনি যদি গত 30 দিনের মধ্যে সংঘটিত কোনও ক্রেডিট বা ব্যাকগ্রাউন্ড পরীক্ষার প্রমাণ প্রদান করতে পারেন তাহলে সেক্ষেত্রে হাউজিং প্রদানকারী আপনার উপর এইসংক্রান্ত কোনও ফি আরোপ করতে পারেন না।

- ক্রেডিট ও ব্যাকগ্রাউন্ড উভয় পরীক্ষা করার জন্য হাউজিং প্রদানকারী আপনাকে \$20 বা আসল খরচ (এদের মধ্যে যেটি কম)-এর থেকে বেশি রাশি চার্জ করতে পারেন না।
- ক্রেডিট রিপোর্টের উপর ভিত্তি করে আপনার আবেদন প্রত্যাখ্যানের আগে, আপনাকে আপনার নেতিবাচক ক্রেডিট ইতিহাসের একটি যুক্তিসঙ্গত ব্যাখ্যা যেমন, ক্রেডিট রিপোর্টে কোনও ত্রুটি ও স্বল্পমেয়াদী বেকারত্ব/অসুস্থতা ইত্যাদি পরিস্থিতির কথা বলার জন্য 14 দিনের সময় দিতে হবে।
- যদি আপনাকে প্রত্যাখ্যান করা হয়, তাহলে তার কারণ জানাতে হবে এবং ক্রেডিট ও ব্যাকগ্রাউন্ড পরীক্ষার রিপোর্টের একটি কপি প্রদান করতে হবে।

স্টেট ফান্ডেড হাউজিং-এর জন্য আবেদন করার ক্ষেত্রে আপনার অধিকারগুলি সম্পর্কে আরও তথ্য পেতে, যদি আপনার বিরুদ্ধে অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার অভিযোগ থাকে তবুও, এখানে ভিজিট করুন:

<https://hcr.ny.gov/marketing-plans-policies#credit-and-justice-involvement--assessment-policies>